

কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

আলুর নাবিধ্বসা প্রতিকারে কৃষি সুপারিশ

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় আলু ফসলে নাবিধ্বসা রোগের লক্ষণ দেখা দিয়েছে। প্রতিকারে নিম্নলিখিত সুপারিশ মেনে চলার জন্য কৃষক বন্ধুদের অনুরোধ করা হচ্ছে:

১. এই সময় সেচ দেবেন না। প্রয়োজনে হালকা সেচ দেওয়া যেতে পারে।
২. নাইট্রোজেন ঘটিত সার প্রয়োগ করবেন না।
৩. আলু তোলার ১৫ দিনের মতো বাকি থাকলে বা ৮০% আক্রমণে আলু গাছ কেটে ফেলুন ও কাটা অংশে ম্যানকোজেব ৭৫% ডবলু. পি. @ ২.৫ গ্রাম প্রতি লিটার জলে জলে গুলে স্প্রে করুন।

রোগের নিয়ন্ত্রণে নিম্নলিখিত যে কোনো একটি ছত্রাকনাশক প্রতি লিটার জলে গুলে একর প্রতি ৩০০ লিটার মিশ্রণ পাতার উভয়দিকে স্প্রে করুন।

১. ডায়মিথোমফ ৯% @ ১ গ্রাম ও ম্যানকোজেব ৬০% @ ২ গ্রাম মিশ্রণ প্রতি লিটারে জলে গুলে স্প্রে করতে হবে, অথবা
২. আইপ্রভেনীকার্ব ৫.৫% + প্রপিনেব ৬১.২৫% মিশ্রণ @ ২.৫ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে, অথবা
৩. মেটালাক্সিল + ম্যানকোজেব মিশ্রণ (৬৮%) @ ২.৫ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে, অথবা
৪. ফেনামিডন ১০% ও ম্যানকোজেব ৫০% মিশ্রণ @ ৩ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

যে সব ফসলে রোগের আক্রমণ হয়নি সেখানে প্রতিরোধক ব্যবস্থা হিসাবে নিম্নলিখিত যে কোনো একটি ছত্রাকনাশক স্প্রে করুন:

১. কপার অক্সিক্লোরাইড ৫০% ডবলু. পি. @ ৪ গ্রাম প্রতি লিটার জলে অথবা
২. ম্যানকোজেব ৭৫% ডবলু. পি. @ ২.৫ গ্রাম প্রতি লিটার জলে

বিস্তারিত ভাবে জানার জন্য আপনার ব্লকের কে পি এস অথবা সহ কৃষি অধিকর্তার সাথে যোগাযোগ করুন ও তাদের পরামর্শ মত ঔষধ প্রয়োগ করুন।